

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এশিয়া-৩ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
(www.erd.gov.bd)


প্রেস বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং চীনা এক্সিম ব্যাংকের মধ্যে ২৭৬.২৫ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষর।

স্থানীয় সরকার বিভাগের আওতায় রাজশাহী ওয়াসা কর্তৃক গৃহীত 'Rajshahi WASA Surface Water Treatment Plant' শীর্ষক প্রকল্পটি চীনা অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে ১০ মে ২০২৩ তারিখে চীনা এক্সিম ব্যাংক ও বাংলাদেশ সরকারের মধ্যে ২৭৬.২৫ মিলিয়ন মার্কিন ডলারের (সমপরিমাণ ২৯৫২.২৪ কোটি টাকা) ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। চীন সরকার প্রদত্ত এ ঋণের বার্ষিক সুদের হার ২% এবং তা ৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ২০ বছরে পরিশোধযোগ্য। বাংলাদেশের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ শাহরিয়ার কাদের সিদ্দিকী এবং চীনা এক্সিম ব্যাংকের পক্ষে ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার Mr. Li Qinxi ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।



প্রকল্পের আওতায় রাজশাহী মহানগরীতে একটি ভূ-উপরিস্থ পানি শোধনাগার নির্মাণ করা হবে। বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে রাজশাহী মহানগরের ভূ-গর্ভস্থ পানি ব্যবহার কমিয়ে পানির উৎস ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই পানি সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে শতভাগ ভূ-উপরিস্থিত পানি ব্যবহার করা হবে। প্রকল্প বাস্তবায়নের ফলশ্রুতিতে রাজশাহী ওয়াসা ২০৩৫ সাল পর্যন্ত পানির চাহিদা পূরণে এবং পানি সরবরাহের আওতা ১০০% এ উন্নীতকরণে সক্ষম হবে।


কাওসার জাহান
উপসচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ